

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারি ১৫, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

তারিখ : ২৮ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ/১১ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং-৪০-আইন/২০২১।—বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন) এর ধারা ৬ক তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, মহা-পরিচালকের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ শর্তাধীন নির্দেশ জারি করিল, যথা :—

- (১) মন্ডিল প্রটোকলের Anex-F এ উল্লিখিত Hydrofluoro Carbon (HFC) বা তফসিলে উল্লিখিত HFC সম্বলিত রাসায়নিক বা রাসায়নিকের মিশ্রণ উৎপাদন, আমদানি, বাজারজাতকরণ, বিক্রয়, মজুদ বা বিতরণের নিমিত্ত অধিদপ্তরের মহা-পরিচালকের নিকট হইতে লাইসেন্স গ্রহণ করিতে হইবে;
- (২) শর্ত (১) এর অধীন লাইসেন্স প্রাপ্তির নিমিত্ত দরখাস্ত মহা-পরিচালকের নিকট তৎকর্তৃক নির্ধারিত ফরমে দাখিল করিতে হইবে;
- (৩) শর্ত (২) এর অধীন যথাযথভাবে পূরণকৃত ফরম দাখিল হইবার পর উক্ত ফরমে উল্লিখিত বিষয়গুলোর সত্যতা যাচাই বা, ক্ষেত্রমত, তদন্ত করিয়া মহা-পরিচালক দরখাস্ত মঞ্জুর বা নামঞ্জুর করিবেন বা দরখাস্ত বিবেচনার প্রয়োজনে মহা-পরিচালক দরখাস্তকারীকে সংশ্লিষ্ট যেকোনো তথ্য সরবরাহ করিবার জন্য নির্দেশ প্রদান করিতে পারিবেন;

(৫৩২৫)

মূল্য : টাকা ৪.০০

- (৪) দরখাস্তকারীকে লাইসেন্স ফি বাবদ প্রতিটি আইটেম এর জন্য টাকা ৫০০/- (পাঁচশত) মহা-পরিচালক বরাবর কোড নং : ১-৪৫৪১-০০০০-২৬৮১ তে ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করিতে হইবে;
- (৫) মহা-পরিচালক তদ্বকর্তৃক লাইসেন্সের কোনো শর্ত, প্রয়োজনে, সংশোধন বা পরিমার্জন করিতে পারিবেন এবং শর্ত ভঙ্গের জন্য শুনানী গ্রহণপূর্বক লাইসেন্স বাতিল করিতে পারিবেন;
- (৬) তফসিলে উল্লিখিত রাসায়নিকসমূহের অনুকূলে লাইসেন্স প্রদানের বিধান ও অন্যান্য শর্ত মন্ত্রিল প্রটোকল ও সংশ্লিষ্ট কিগালী সংশোধনীর বাধ্যবাধকতা অনুযায়ী পরিবর্তন ও পরিবর্ধন করা যাইবে;
- (৭) পরিবেশ সংরক্ষণের উদ্দেশ্যে উপরি-উল্লিখিত শর্তাবলীর এক বা একাধিক নির্দেশ লঙ্ঘনের ক্ষেত্রে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন) এর ধারা ১৫ এর উপ-ধারা (১) এর টেবিলের ৪ নং ক্রমিকের বিধান প্রযোজ্য হইবে।

তফসিল

[শর্ত (১) দ্রষ্টব্য]

মন্ত্রিল প্রটোকল নির্ধারিত HFC সম্বলিত দ্রব্যের বিবরণ

ক্রমিক নং	HFC দ্রব্যের নাম	HFC দ্রব্যের রাসায়নিক গঠন	জিডব্লিউপি (100 Year Global Warming Potential)
(১)	(২)	(৩)	(৪)
1.	HFC-134	1,1 2,2 tetrafluoro ethane (CHF ₂ CHF ₂)	1100
2.	HFC-134a	1,2,2,2 tetrafluoro ethane (CH ₂ FCF ₃)	1430
3.	HFC-143	1,2,2 Trifluoro ethane (CH ₂ FCHF ₂)	353
4.	HFC-245fa	1,1,3,3,3 pentafluoro propane (CHF ₂ CH ₂ CF ₃)	1030
5.	HFC-365mfc	1,1,1,3,3 pentafluoro butane (CF ₃ CH ₂ CF ₂ CH ₃)	794
6.	HFC-227ea	1,1,1,2,3,3,3 heptafluoro propane (CF ₃ CHFCF ₃)	3220
7.	HFC-236cb	1,2,2,3,3,3 hexafluoro propane (CH ₂ FCF ₂ CF ₃)	1340

(১)	(২)	(৩)	(৪)
8.	HFC-236ea	1,1,2,3,3,3 hexafluoro propane (CHF ₂ CHFCF ₃)	1370
9.	HFC-236fa	1,1,1,3,3,3 hexafluoro propane (CF ₃ CH ₂ CF ₃)	9810
10.	HFC-245ca	1,2,2,3,3 pentafluoro propane (CH ₂ FCF ₂ CHF ₂)	693
11.	HFC-43-10mee	1,1,1,2,3,4,4,5,5,5 decafluoro (CF ₃ CHFCHFCF ₂ CF ₃)	1640
12.	HFC-32	difluoromethane (CH ₂ F ₂)	675
13.	HFC-125	1,1,2,2,2 pentafluoro ethane (CHF ₂ CF ₃)	3500
14.	HFC-143a	1,1,1 trifluoro ethane (CH ₃ CF ₃)	4470
15.	HFC-41	monofluoro methane (CH ₃ F)	92
16.	HFC-152	1,2 difluoro ethane (CH ₂ FCH ₂ F)	53
17.	HFC-152a	1,1 difluoro ethane (CH ₃ CHF ₂)	124
18.	HFC-23	trifluoro methane (CHF ₃)	14,800

রাষ্ট্রপতির আদেশক্রমে

জিয়াউল হাসান এনডিসি
সচিব।